

Total No. of Printed Pages—4

3 SEM TDC, BNL MIL (C) 2

2 0 1 8

(November)

BENGALI

(Modern Indian Language)

(Commerce)

Course : 302

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

**Candidates eligible for Internal Assessment shall
answer Question Nos. 1 to 7**

Full Marks : 80

Pass Marks : 32 / 24

**Candidates not eligible for Internal Assessment shall
answer Question Nos. 1 to 8**

Full Marks : 100

Pass Marks : 40 / 30

ক—বিভাগ

(মূল্যাংক : ৪০)

১। এক কথায় উত্তর দাও :

১×৪=৪

(ক) “এসময় আমি হঠাৎ বাপের বাড়ী গিয়ে বসে থাকলে
ঠাকুরবি কি মনে করবেন বাবা? বাবাকে আপনি ওই
কথাই শুছিয়ে বলে দেন।” কার উক্তি?

- (খ) “কোনোদিন ক্ষেতের কাজ ফেলে দুহাতের ধুলো ঝাড়তে ঝাড়তে হনহন করে এগিয়ে আসতো, রেগে গিয়ে ধমক দিতো সকলকে। ওর কথা শুনছে না বলে কখনো বা অসহায় প্রতিবাদের চোখে গাঁয়ের লোকগুলোর দিকে তাকিয়ে থাকতো।” কে অসহায় প্রতিবাদের চোখে গাঁয়ের লোকগুলোর দিকে তাকিয়ে থাকতো?
- (গ) সহায়হরি চাটুজোর বড় মেয়ের নাম কি ছিল?
- (ঘ) “তোর স্নেহাচারিতা দিন দিন বেড়েই চলেছে। হিটলারের মত একটা ডিক্টেটর হয়ে উঠছিস। বউমাকে তুই কোথাও নিয়ে যেতে পারবি না?” কার উক্তি?

২। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

৪×২=৮

- (ক) “কালের পরিবর্তন হয়েছে বটে—স্থানটা ঠিক আছে। ‘পাত্রটা’ও বলা চলে। সেই দালানে ঠিক সেই জায়গাতেই সেই ভঙ্গীতে বসে আছেন গৃহিণী অনুপমা, পাখা একখানা হাতে।” প্রসঙ্গ উল্লেখপূর্বক বক্তব্যটির অর্থ পরিস্ফুট কর।
- (খ) ‘ভারতবর্ষ’ গল্পে বর্ণিত লেখক রমাপদ চৌধুরী মাহাতোদের যে জীবনযাত্রার পরিচয় দিয়েছেন তা বর্ণনা কর।
- (গ) ‘নীলুর দুঃখ’ গল্পে নীলু চরিত্রটি সংক্ষেপে বর্ণনা কর।

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১৪×২=২৮

- (ক) “চিরন্তনী নারীপ্রকৃতির মধ্যে পাশাপাশি বাস করছে সম্পূর্ণ আলাদা দুটি সত্তা; জননী আর প্রিয়া।” ‘অভিনেত্রী’ গল্পে অনুপমার যে দুটি সত্তা প্রকাশ পেয়েছে তা বিস্তারিতভাবে লেখ।

- (খ) 'শ্বেতপাথরের টেবিল' গল্পটির নামকরণের সার্থকতা বিচার কর।
- (গ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'পুঁইমাচা' গল্পটির মূল বিষয়বস্তু আলোচনা কর।

খ—বিভাগ

(মূল্যাংক: ১০)

- ৪। নিম্নলিখিত যে কোনো পাঁচটির পারিভাষিক বাংলা প্রতিশব্দ লিখে বুঝিয়ে দাও : ২×৫=১০

Bonded warehouse ; Impact of taxes ;
Sinking fund ; Surrender value ; Vertical
combination ; Exchange control ; Easy
market ; Ceiling price ; Market
fluctuation.

গ—বিভাগ

(মূল্যাংক: ১০)

- ৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

- (ক) সম্প্রতি তোমার প্রতিষ্ঠান একটি নূতন পণ্য উৎপাদন করেছে। ক্রেতা-সাধারণের দৃষ্টি আকর্ষণ করবার জন্য একখানি প্রচারপত্র রচনা কর।
- (খ) রেলওয়ে পার্শেলে খরিদ্বারের নিকট প্রেরিত মাল খোয়া গিয়েছে। প্রেরকের পক্ষ থেকে ক্ষতিপূরণ দাবি করে কমার্শিয়াল ম্যানেজার-এর নিকট যথারীতি দরখাস্ত লেখ।
- (গ) ইউনিট ট্রাস্ট অফ ইন্ডিয়াতে একজন স্নাতক, বিক্রয় উন্নয়ন ব্যবস্থাপকের (sales promotion manager) প্রয়োজন। তুমি তোমার যোগ্যতা জানিয়ে একখানি আবেদনপত্র লেখ।

(Turn Over)

(4)

ঘ—বিভাগ

(মূল্যাংক : ১০)

- ৬। নিম্নলিখিত যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর : ১০
- (ক) অসমের পর্যটন—বর্তমান ও ভবিষ্যৎ
(খ) ভারতের ক্রেতা সমবায় ও তার অগ্রগতি
(গ) বনসংরক্ষণ
(ঘ) বাণিজ্য প্রতিযোগিতার প্রয়োজনীয়তা

ঙ—বিভাগ

(মূল্যাংক : ১০)

- ৭। নিম্নলিখিত যে কোনো একটি বিষয় সম্পর্কে প্রতিবেদন প্রস্তুত কর : ১০
- (ক) ভারতীয় অর্থনীতিতে বিশ্বায়নের প্রভাব
(খ) পাইকারী বিক্রেতা ও খুচরা বিক্রেতার মধ্যে পার্থক্য
(গ) অসমের কৃষিক্ষেত্রে বিদেশী অর্থ বিনিয়োগের সম্ভাবনা

চ—বিভাগ

(মূল্যাংক : ২০)

(আভ্যন্তরীণ মূল্যায়নের পরিবর্তে)

- ৮। (ক) জমাতিরিক্ত (ওভারড্রাফট) গ্রহণের উদ্দেশ্যে ব্যাঙ্ক কর্তৃপক্ষের নিকট একখানি আবেদনপত্র লেখ। ১০
- (খ) ‘অভিনেত্রী’ গল্পে অভিনেত্রী কে? তার চরিত্র বিশ্লেষণ কর। ১০
